

স্মারকঃনোবিপ্রবি/ইএসডিএম:২০২৩- ৫৫৫৭

তারিখ: ২১/০৮/২০২৩

শ্রাতকোত্তর (এম এস) ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষে শ্রাতকোত্তর (এমএস) (MS in Environmental Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে ২৪ আগস্ট ২০২৩ তারিখ হতে ০৪ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত আবেদন ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে। আবেদন ফরমের মূল্য ১০০০ (এক হাজার) টাকা (অফেরৎ যোগ্য)।

১। **ডিগ্রিঃ** এমএস ইন এনভায়রনমেন্টাল সায়েন্স।

২। **ডিগ্রির সময়কালঃ** Thesis এবং Non- Thesis এর জন্য ডিগ্রির সময়কাল ১.৫ বছর।

৩। **ভর্তি প্রক্রিয়াঃ** আবেদনকারীকে বিভাগীয় ভর্তি কমিটির নিকট সাক্ষাৎকার প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশ ক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। (সাক্ষাৎকারের তারিখ পরে জানানো হবে)

৪। **ভর্তির যোগ্যতাঃ**

ক. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে **Environmental Science** বা সংশ্লিষ্ট বিষয়ে **B.Sc. (Hons.)** ডিগ্রীধারী হতে হবে।

খ. আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে **CGPA** শিথিলযোগ্য এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক(সম্মান) পর্যায়ে ন্যূনতম **CGPA 3.00** থাকতে হবে।

গ. বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তিকৃত কি না, চাকুরিরত কিনা ইত্যাদি বিষয় যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের ভর্তি করা হবে।

ঘ. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঙ. ডাকে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নয়।

৫। **আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-**

ক. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।

খ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র।

গ. ২(দুই) কপি পার্সপোট সাইজের সত্যায়িত ছবি।

ঘ. ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি।

ঙ. চাকুরিরত প্রার্থীকে নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১৮(আঠার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/ অফিস আদেশ।

বি.দ্রঃ ভর্তি সংক্রান্ত যে কোন ধরনের পরিবর্তন/পরিমার্জন ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে



ড. মোহাম্মদ মহিনুজ্জামান

চেয়ারম্যান ও আহবায়ক, এম .এস (শিক্ষা বর্ষ: ২০২১-২২) ভর্তি কমিটি

পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

অনুলিপিঃ ১। ডীন বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি (সদয় অবগতির জন্য)।

২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।

৩। হিসাব পরিচালক, নোবিপ্রবি।

৪। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি, (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।

৫। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।

৬। সম্মানিত সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট কমিটি।

৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

৮। বিভাগীয় নোটিশ বোর্ড